

আনিসুল হকের মরদেহ ঢাকায়, আর্মি স্টেডিয়ামে শ্রদ্ধা নিবেদন ৩টায়

কালের কণ্ঠ অনলাইন ২ ডিসেম্বর, ২০১৭ ১৩:২২ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



ছবি অনলাইন

অ- অ অ+

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) সদ্যপ্রয়াত মেয়র আনিসুল হকের মরদেহ ঢাকায় পৌঁছেছে। ৩টায় আর্মি স্টেডিয়ামে তার মরদেহ নেওয়া হবে।

আজ শনিবার দুপুর একটার দিকে বাংলাদেশ বিমানের বিজি ০০২ ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। আনুষ্ঠানিকতা শেষে সরাসরি মেয়রের বনানীর বাসায় নেওয়া হচ্ছে মরদেহ।

মরদেহ বহনকারী বিমানে করে ঢাকায় এসেছেন আনিসুল হকের স্ত্রী রুবানা হক, ছেলে নাভিদুল হক ও নাতনি।

মরদেহ বিমানবন্দরের গেটে আনার পর শ্রদ্ধা জানান বিজিএমইএর সভাপতি সিদ্দিকুর রহমানসহ উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও সরকারি দলের নেতাকর্মীরা। এরপর বনানীর বাসার উদ্দেশ্যে রওনা হয় মরদেহবাহী অ্যাম্বুলেন্স।

বিকেল ৩টায় আর্মি স্টেডিয়ামে আনিসুল হককে শেষ শ্রদ্ধা জানাবেন সাধারণ মানুষসহ সর্বস্তরের বিশিষ্ট নাগরিকেরা।

শ্রদ্ধা অর্পণ শেষে সেখানেই বাদ আসর নামাজে জানাজার পর বনানী কবরস্থানে সমাহিত করা হবে আনিসুল হককে।

এর আগে বৃহস্পতিবার রাতে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন আনিসুল হক।

গতকাল শুক্রবার বাদ জুমা লন্ডনের রিজেন্ট পার্ক মসজিদে তার প্রথম নামাজে জানাজা অনুষ্ঠিত হয়।